"৩৮ তম সভা"

# উপজেলা পরিষদ

## নাজিরপুর, পিরোজপুর

**নাজিরপুর উপজেলা পরিষদের জুলাই ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব অমূল্য রঞ্জন হালদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>নাজিরপুর, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পাবলিক লাইব্রেরি মিলনায়তন, নাজিরপুর, পিরোজপুর। |
| তারিখ ও সময় | ঃ | ২৮/০৭/২০২২ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) | ঃ | (স্বাক্ষরের ক্রমানুসারে) রেজিষ্টারে সংরক্ষিত। |

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যকে পুনরায় শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ সূচনা করেন।

২) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শুনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা পরিষদ নাজিরপুর, পিরোজপুর |

৩) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম যথাযথভাবে পালন করা হচ্ছে না। এ বিষয় সভায় সংশ্লিষ্ট সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যাপারে আন্তরিক হওয়ার অনুরোধ জানান হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল নাজিরপুর, পিরোজপুর |

৪) উপজেলা পরিষদ আইনের পরিবর্তন/সংশোধন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ আইনের কোন পরিবর্তন/ সংশোধনী আনা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৫) উপজেলা পরিষদ সংক্রান্ত নতুন সার্কুলার/ আদেশ/প্রজ্ঞাপন

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বিগত মাসিক সভার পর থেকে এ পর্যন্ত উপজেলা পরিষদ আইনের কোন পরিবর্তন/ সংশোধনী আনা হয়নি মর্মে জানা যায় বিধায় এ বিষয়ে কোন আলোচনা নেই। | - | - |

৬) ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যক্রম/সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা হতে এ মাসে ৩টি সুপারিশ পাওয়া গেছে। তিনি এ বিষয়ে উক্ত সুপারিশ সভায় পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভা নিয়মিত আয়োজনপূর্বক উপজেলা পরিষদে দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

৭) উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের উপজেলা কমিটি হতে ৪টি সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তিনি উক্ত কার্যবিবরণী পাঠ করে শুনান। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা কমিটির সভা নিয়মিত সভা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয়/ সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

৮) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) ডাঃ মোঃ মশিউর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর জানান জনগণের স্বাস্থ্য তথা পরিবেশের বিপন্নতা রোধকল্পে উপজেলার একটি বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চালু করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে, উপজেলার বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম চালু উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি উপজেলা পরিষদ |
| খ) তিনি আরো জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রধান ফটকে মটরসাইকেলসহ অন্যান্য গাড়ী পার্কিং করা রাখা হয়। বিধায় রোগী যাতায়তে অসুবিধা সৃষ্টি হয়। তিনি আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে বৃষ্টির দিনে জলাবদ্ধতা দেখা দেয়। বিশেষ করে হাসপাতালের সামনে কোন ড্রেনেজ ব্যবস্থা না থাকায় জলাবদ্ধতা সমস্যা | খ) বিস্তারিত আলোচনান্তে, হাসপাতালে পার্কিং শেড ও ড্রেন নির্মাণের বিষয়ে নির্বাহী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পিরোজপুরকে সুপারিশ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| বেশি হয়। এছাড়া হাসপাতালের পিছনেও পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণের লক্ষ্যে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | | |

৯) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব দিগবিজয় হাজরা উপজেলা কৃষি কর্মকর্তা জানান সরকার ভর্তুকি দিয়ে নানা ধরণের কৃষি যন্ত্রপাতি প্রদান করছেন। তিনি বিষয়টি বহুল প্রচারের জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি পাওয়ার জন্য বহুল প্রচারের লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণসহ সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট সকল |

১০) প্রাণিসম্পদ বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডাঃ মোঃ তরিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাজিরপুর জানান উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় খামারীদের পোল্ট্রি ফিড উৎপাদন ও আধুনিক পদ্ধতিতে পোল্ট্রি পালন বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, খামারীদের পোল্ট্রি ফিড উৎপাদন ও আধুনিক পদ্ধতিতে পোল্ট্রি পালন বিষয়ক প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>নাজিরপুর, পিরোজপুর |

১১) উপজেলা মৎস্য দপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব গৌতম মন্ডল, উপজেলা মৎস্য কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>নাজিরপুর, পিরোজপুর |

১২) উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জওহর বালা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাজিরপুর জানান তার দপ্তর হতে সক্ষম দম্পতিদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। ২১ শে জুলাই ২০২২ খ্রিস্টাব্দ যথাযোগ্য মর্যাদায় বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হয়। সেখমাটিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র জেলায় শ্রেষ্ঠ হিসেবে পুরষ্কার প্রাপ্ত হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | সেখমাটিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র জেলায় শ্রেষ্ঠ নির্বাচিত হওয়ায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ভবিষ্যতে এ শ্রেষ্ঠ হিসেবে পুরষ্কার পাওয়ার লক্ষ্যে সেবা প্রদান সমুন্নত রাখার জন্য অনুরোধ জানান হয়। | সংশ্লিষ্ট সকল |

১৩। উপজেলা প্রকৌশল দপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব জাকির হোসেন মিয়া, উপজেলা প্রকৌশলী, নাজিরপুর জানান উপজেলা পরিষদের মাধ্যমে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর আওতায় প্রকল্প যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। তিনি ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা প্রকৌশলী আরো জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা গৃহীত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অতিরিক্ত কক্ষ সম্প্রসারণ প্রকল্পের বিল গত অর্থ বছরে প্রদান করা সম্ভব হয়নি। প্রাক্কলন মোতাবেক কাজ সমাপ্ত হওয়ায় ঠিকাদারের বিলের আবেদন এর প্রেক্ষিতে তার অনুকুলে বিল জন্য তিনি সভায় সুপারিশ করেন।<br>গ) তিনি আরো জানান, মুজিববর্ষে নাজিরপুর উপজেলা নির্মিত আবাসন প্রকল্পের উন্নয়নের জন্য গাদেরহাট/পূর্ব কাঠালিয়া আশ্রয়ন প্রকল্পে বালু ভরাট, বাধ নির্মাণ ও ঘর উচু করা প্রয়োজন। তিনি গাদেরহাট আশ্রয়ন উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন সভায় দাখিল করেন। যার প্রাক্কলিত মূল্য ৩,৩২,০০০/- উপজেলা প্রকৌশলী রাজস্ব উন্নয়ন খাত হতে বাস্তবায়নের জন্য উক্ত প্রকল্প অনুমোদনের অনুরোধ জানান। | ক) বিস্তারিত আলোচনান্তে, এডিপি এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প তালিকা দাখিলের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা প্রকৌশলীক কর্তৃক দাখিলকৃত সুপারিশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অতিরিক্ত কক্ষ সম্প্রসারণ প্রকল্পের অনুকুলে বর্তমান অর্থ বছরে বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।<br>গ) উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত প্রকল্প আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান হয়। | উপজেলা প্রকৌশলী<br>নাজিরপুর, পিরোজপুর |

১৪। শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ আবুল বাশার উপজেলা শিক্ষা অফিসার,নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>নাজিরপুর, পিরোজপুর |

১৫। যুব উন্নয়ন অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব যাদব চন্দ্র রায়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর গত ২৭/০৭/২০২২ খ্রিস্টাব্দ আকস্মিকভাবে উপজেলা উন্নয়ন কর্মকর্তার | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কর্মচারীদের অহেন | যুব উন্নয়ন কর্মকর্তা<br>নাজিরপুর, পিরোজপুর |

| | | |
|---|---|---|
| অনুপস্থিতিতে তার দপ্তরের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব আব্দুল হালিম এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব এস এম হেমায়েত উদ্দিন বির্তকের এক পর্যায়ে একে অপরের উপরে আক্রমণ করে দুজনেই আহত হয়। বিষয়টি তাৎক্ষণিকভাবে তিনি উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অবহিত করেন। তিনি কর্মচারীদের এহেন আচরণের জন্য সরকারি কাজে পরিবেশ নষ্ট হওয়ার সম্ভবনা রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | কার্যক্রমে উপজেলা পরিষদের সার্বিক শৃংখলা নষ্ট হচ্ছে। বিধায় সংশ্লিষ্ট কর্মচারীদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

১৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আকাশ মন্ডল, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান ২০২২-২৩ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৯৪টি গভীর নলকূপ এবং ৪০টি রেইন ওয়াটার হারভেষ্টর বরাদ্দ পাওয়া গেছে। | বিস্তারিত আলোচনান্তে, নীতিমালা মোতাবেক অতি সত্তর উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

১৭। সমবায় অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হোসনেয়ারা, উপজেলা সমবায় কর্মকর্তা, নাজিরপুর জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, নাজিরপুর |

১৮। দুযোর্গ ব্যবস্থাপনা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ ইস্রাফিল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাজিরপুর জনান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাজিরপুর পিরোজপুর |

১৯। সমাজসেবা অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহাবুব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান ২০২২-২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন কার্যক্রম শুরু হয়েছে। তিনি ১০/০৮/২০২২ তারিখের মধ্যে ভাতাভোগীদের তালিকা হালনাগাদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, ভাতাভোগীদের তালিকা হালনাগাদের জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে তথ্য দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার নাজিরপুর পিরোজপুর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) ইউপি |

২০। পল্লী উন্নয়ন বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাসুম মিয়া , উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নাজিরপুর জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাজিরপুর, |

২১। মহিলা বিষয়ক অধিদপ্তর, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সর্ম্পকে আলোচনা করা সম্ভব হচ্ছে না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২২। মাধ্যমিক শিক্ষা বিভাগ, নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মাহিদুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নাজিরপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সর্ম্পকে আলোচনা করা সম্ভব হচ্ছে না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২৩। বন বিভাগ নাজিরপুর, পিরোজপুর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা বন কর্মকর্তা, নাজিরপুর তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা নাজিরপুর, পিরোজপুর |

২৪। পল্লী সঞ্চয় ব্যাংক

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নাজিরপুর জানান পল্লী সঞ্চয় ব্যাংকের পুরাতন ভবনের সাথে নতুন ভবন এর সংযোগ রাস্তা নির্মাণ করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, পল্লী সঞ্চয় ব্যাংকের পুরাতন ভবনের সাথে নতুন ভবন এর সংযোগ রাস্তা নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ | উপজেলা প্রকৌশলী নাজিরপুর, পিরোজপুর |

| | জানান হয়। | |
|---|---|---|

২৫। খাদ্য নিয়ন্ত্রক দপ্তর

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রনয়নের জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদের উদ্যোক্তদের জুম এ্যাপের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়েছে। আগামী ৩১/০৮/২০২২ খ্রিস্টাব্দের মধ্যে ডাটাবেজ প্রস্তুতের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, ডিজিটাল ডাটাবেজ প্রনয়নের বিষয়টি নির্ধারিত তারিখের মধ্যে নিশ্চিতকরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |

২৬। ১নং মাটিভাঙ্গা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব জাহিদুল ইসলাম বিলু চেয়ারম্যান, ১নং মাটিভাংগা ইউপি অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হচ্ছে না। | সভায় চেয়ারম্যান ১নং মাটিভাংগা ইউপিকে নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

২৭। ২নং মালিখালী ইউনিয়ন পরিষদ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ রুহুল আমিন, চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম আরো বেগমান করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ২নং মালিখালী ইউপি, নাজিরপুর |

২৮। ৩নং দেউলবাড়ী দোবড়া ইউনিয়ন

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | চেয়ারম্যান, ৩নং দেউলবাড়ী দোবড়া ইউপি, নাজিরপুর |

২৯। ৪নং দীর্ঘা ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আশুতোষ বেপারী, চেয়ারম্যান ৪নং দীর্ঘা ইউপি অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হচ্ছে না। | সভায় চেয়ারম্যান ৪নং দীর্ঘা মাটিভাংগা ইউপিকে নিয়মিত উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

৩০। ৫নং শাঁখারীকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব খালিদ হোসেন সজল, চেয়ারম্যান ৫নং শাখারীকাঠী ইউপি জানান মৎস্য ভিজিএফ এর তালিকা ইউনিয়ন ভিত্তিক সমতা করা প্রয়োজন তিনি এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, মৎস্য ভিজিএফ এর তালিকা ইউনিয়ন ভিত্তিক সমতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৫নং শাখারাকাঠী ইউপি, নাজিরপুর, পিরোজপুর |

৩১। ৬নং নাজিরপুর সদর ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ মোশারেফ হোসেন খান, চেয়ারম্যান, ৬নং নাজিরপুর ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম আরো বেগমান করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ৬নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ |

৩২। ৭নং সেখমাটিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব আতিয়ার রহমান চৌধুরী, চেয়ারম্যান, ৭নং সেখমাটিয়া ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম আরো বেগমান করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ৭নং সেখমাটিয়া ইউনিয়ন পরিষদ |

৩৩। ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব মোঃ আলতাফ হোসেন বেপারী, চেয়ারম্যান, ৮নং শ্রীরামকাঠী ইউপি জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম আরো বেগমান করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ৮নং শ্রীরামকাঠী ইউনিয়ন পরিষদ |

৩৪। ৯নং কলারদোয়ানিয়া ইউনিয়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব হাসনাত, চেয়ারম্যান, ৯নং কলারদোয়ানিয়া ইউপি জানান জানান তার ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম আরো বেগমান করার জন্য অনুরোধ জানিয়ে | চেয়ারম্যান ৯নং কলারদোয়ানিয়া |

| | সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ |
|---|---|---|

৩৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব শেখ মোস্তাফিজুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা নিয়মিত আয়োজন এর বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে, নিয়মিত সভা আয়োজনের জন্য সদস্য সচিবদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

৩৬। উপজেলা নির্বাহী অফিসার

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) জনাব শেখ আব্দুল্লাহ সাদীদ, উপজেলা নিবাহী নাজিরপুর উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের আয় ব্যয় হিসাব বিবরণী সভায় অনুমোদনের জন্য পেশ করেন।<br>খ) তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা নির্ম্নবর্ণিত ব্যয় নির্বাহের লক্ষ্যে সভার অনুমোদনের জন্য পেশ করেন। উপজেলা পরিষদের পানির পাম্প সার্ভিসিং ও যন্ত্রাংশ সংযোজন বাবদ২০০০০/-(বিশ হাজার) টাকা, উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র ক্রয় ২০০০০০/- (দুইলক্ষ) টাকা (আরএফকিউ পদ্ধতি), প্রিন্টারের টোনার ও কালী ক্রয় ২৫০০০/- (পচিঁশ হাজার) টাকা, উপজেলা পরিষদের মেইনগেট সংলগ্ন স্থানে বালু বরাট বাবদ ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা, উপজেলা লিগ্যাল এইড কমিটির সভার ব্যয় বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদের পরিষ্কার পরিচ্ছন্নতা বাবাদ ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা, উপজেলা কৃষি, মৎস্য, সমবায় ও পরিসংখ্যান, প্রকল্প বাস্তবায়ন অফিসের ইলেকট্রিক মেরামত বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা, উপজেলা কৃষি, মৎস্য, সমবায় ও পরিসংখ্যান, প্রকল্প বাস্তবায়ন অফিসের পানির লাইন মেরামত বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থ বছরের আয় ব্যয় হিসাব বিবরণী সভায় অনুমোদিত হয়।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দাখিলকৃত ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার নাজিরপুর, পিরোজপুর |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর উপজেলাবাসীর সার্বিক উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার জন্য তিনি অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৭/২২

(অমূল্য রঞ্জন হালদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
নাজিরপুর, পিরোজপুর

স্মারক নং- ৪৬.১০.৭৯৭৬.০০৪.০৬.০০১.২১-৪৭

তারিখঃ ২৮ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ
১৩ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য-১২৭, পিরোজপুর-১ ও মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বরিশাল।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাজিরপুর, পিরোজপুর।
৯. উপজেলা............................................................ অফিসার, নাজিরপুর, পিরোজপুর।
১০. চেয়ারম্যান, (সকল) ..............................................ইউপি, নাজিরপুর, পিরোজপুর।
১১. জনাব ................................................................... নাজিরপুর, পিরোজপুর।
১২. অফিস কপি।

২৮/৭/২২

শেখ আব্দুল্লাহ সাদীদ
উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর